

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রদান, ক্রয় এবং একত্রিকরণ শাখা
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৭২.২০.০০৮৮.২৫.১২৮০

তারিখ: ২৮ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
১২ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: ২০২৫-২০২৬ অর্থ বছরের জন্য কর্মকর্তা/কর্মচারীগণের বিশেষ সুবিধা খাতে অর্থ বরাদের চাহিদা প্রেরণ।

সূত্র: ১. প্রবিধি-৩ শাখা, প্রবিধি অনুবিভাগ, অর্থ বিভাগ, এর ০৩.০৬.২০২৫ খ্রি. তারিখের ০৭.০০.০০০০.১৭৩.৩৪.০৮৩.২৪.১৪৭ নং স্মারক;
২. প্রবিধি-৩ শাখা, প্রবিধি অনুবিভাগ, অর্থ বিভাগ, এর ৩০.০৭.২০২৫ খ্রি. তারিখের ০৭.০০.০০০০.১৭৩.৩৪.০৮৩.২৪.২০০ নং স্মারক;

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ ১ নং স্মারকে ০১ জুলাই ২০২৫ খ্রি. তারিখ হতে প্রতিবছর ০১ জুলাই তারিখে প্রাপ্য মূলবেতনের ওপর গ্রেড ১ ও তদুর্ধ হতে গ্রেড ৯ এর অন্তর্ভুক্ত চাকুরিত কর্মচারীগণ ১০% হারে এবং গ্রেড ১০ হতে গ্রেড ২০ এর অন্তর্ভুক্ত চাকুরিত কর্মচারীগণ ১৫% হারে 'বিশেষ সুবিধা' প্রাপ্য হবেন মর্মে প্রজাপন জারি করা হয়। পরবর্তীতে সূত্রস্থ ২ নং স্মারকে জারীকৃত পত্রে 'বিশেষ সুবিধা' প্রদানের ক্ষেত্রে 'গ্রেড' বলতে টাইমক্সেল/সিলেকশন গ্রেড/উচ্চতর গ্রেড প্রাপ্তিজনিত ক্ষেল/গ্রেড-এর পরিবর্তে সংশ্লিষ্ট পদের জন্য প্রযোজ্য Substantive গ্রেড বুঝাবে মর্মে স্পষ্টিকরণ করা হয়। এ পরিপ্রেক্ষিতে মাঠ পর্যায়ের দণ্ডরসমূহের অনুকূলে বিশেষ সুবিধা খাতে অর্থ বরাদের লক্ষ্যে প্রয়োজনীয় অর্থের পরিমাণ জানা প্রয়োজন। এমতাবস্থায় নিজ দণ্ডের এবং নিয়ন্ত্রণাধীন দণ্ডরসমূহের {সিএসডি, উখানি, এলএসডি (সংরক্ষণ ও চলাচল কর্মকর্তার কার্যালয়সহ)} ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য কোড নং-৩১১১৩৫২ 'বিশেষ সুবিধা' খাতে প্রয়োজনীয় অর্থের চাহিদাপত্র সংগ্রহ করে একই অগ্রগামী পত্রের মাধ্যমে আগামী ২০.০৮.২০২৫ খ্রি. তারিখের মধ্যে অত্র কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হলো।

সংযুক্ত: ০২ (দুই) পাতা।

সকল সংযুক্তিসমূহ:

- (১) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং১৪৭
(২) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং২০০


১২-০৮-২০২৫
রেজা মোহাম্মদ মহসিন
পরিচালক
+৮৮০২৪১০৫৩৯১৬
daf@dgfood.gov.bd

জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল),।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৭২.২০.০০৮৮.২৫.১২৮০/১ (১০)

তারিখ: ২৮ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
১২ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মহাপরিচালকের দণ্ডের, খাদ্য অধিদপ্তর।

- ২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা বিভাগ/চট্টগ্রাম বিভাগ/খুলনা বিভাগ/বরিশাল বিভাগ/সিলেট বিভাগ/রাজশাহী বিভাগ/ময়মনসিংহ/রংপুর বিভাগ।
- ৩। প্রধান মিলার, প্রধান মিলার এর দপ্তর, পোস্টগোলা সরকারি আধুনিক ময়দা মিল, ঢাকা।।
- ৪। প্রধান নিয়ন্ত্রক, প্রধান নিয়ন্ত্রক এর দপ্তর, ঢাকা রেশনিং, ঢাকা।।
- ৫। সাইলো অধীক্ষক (সকল).....।।
- ৬। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), চট্টগ্রাম/খুলনা।।
- ৭। উপপরিচালক, মজুদ, বিক্রয় এবং ক্যাশ শাখা, খাদ্য অধিদপ্তর।
- ৮। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা।
- ৯। অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, প্রধান, ক্রয় এবং একত্রিকরণ শাখা, খাদ্য অধিদপ্তর। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে(নোটিশবোর্ডে) প্রকাশ করা জন্য বলা হলো।
- ১০। অফিস কপি/মাস্টার কপি।



১৪-০৮-২০২৫
মোঃ সাহিদুল রহমান
উপপরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-৩ শাখা
website: www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭৩.৩৪.০৮৩.২৪-১৪৭

২০/০২/১৪৩২ ব.

তারিখ: -----

০৩/৬/২০২৫ খ্রি.

প্রজ্ঞাপন

সরকারি চাকরি আইন, ২০১৮ এর ১৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় বেতনক্ষেত্রে আওতাভুক্ত সরকারি-বেসামরিক, স্ব-শাসিত এবং রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহ, ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান, বর্ডার গার্ড বাংলাদেশ ও পুলিশ বাহিনীতে নিয়োজিত কর্মচারী এবং পুনঃস্থাপনকৃত পেনশনভোগী ব্যক্তিবর্গের জন্য ১ জুলাই ২০২৫ তারিখ হতে বেতনগ্রেড ভেদে (গ্রেড ১ এবং তদূর্ধৰ হতে গ্রেড ৯ পর্যন্ত) ১০% এবং (গ্রেড ১০ হতে গ্রেড ২০ পর্যন্ত) ১৫% হারে 'বিশেষ সুবিধা' প্রদান করা হ'ল। এ 'বিশেষ সুবিধা' চাকরিরতদের ক্ষেত্রে ন্যূনতম ১০০০ (এক হাজার) টাকা এবং পেনশন ভোগীদের ক্ষেত্রে ন্যূনতম ৫০০ (পাঁচশত) টাকা হারে প্রদেয় হবে।

২। এ বিশেষ সুবিধা নিম্নরূপভাবে কার্যকর হবেঃ

- (ক) ০১ জুলাই ২০২৫ তারিখ হতে প্রতিবছর ০১ জুলাই তারিখে প্রাপ্য মূল বেতনের ওপর গ্রেড ১ ও তদূর্ধৰ হতে গ্রেড ৯ এর অন্তর্ভুক্ত চাকুরিরত কর্মচারীগণ ১০% হারে এবং গ্রেড ১০ হতে গ্রেড ২০ এর অন্তর্ভুক্ত চাকুরিরত কর্মচারীগণ ১৫% হারে 'বিশেষ সুবিধা' প্রাপ্য হবেন।
- (খ) অবসর-উত্তর ছুটিতে (PRL) থাকা কর্মচারীগণ PRL গমনের পূর্বকালীন সর্বশেষ প্রাপ্ত মূল বেতনের ভিত্তিতে উপর্যুক্ত (ক) অনুচ্ছেদে বর্ণিত গ্রেডভিডিক হারে 'বিশেষ সুবিধা' প্রাপ্য হবেন।
- (গ) পেনশন পুনঃস্থাপনকৃত কর্মচারীগণসহ সরকার হতে পেনশন গ্রহণকারী কর্মচারীগণ পেনশনের বিদ্যমান অংশের উপর উপর্যুক্ত (ক) অনুচ্ছেদে বর্ণিত গ্রেডভিডিক হারে 'বিশেষ সুবিধা' প্রাপ্য হবেন।
- (ঘ) যে সকল অবসর গ্রহণকারী কর্মচারী তাদের গ্রস পেনশনের ১০০% অর্থাৎ সম্পূর্ণ অংশ সমর্পণ করে এককালীন আনুতোষিক উত্তোলন করেছেন এবং এখনও পেনশন পুনঃস্থাপনের জন্য উপর্যুক্ত হননি তাদের ক্ষেত্রে এ 'বিশেষ সুবিধা' প্রযোজ্য হবে না।
- (ঙ) জাতীয় বেতনক্ষেত্রে নির্ধারিত কোনো গ্রেডে সরকারি কর্মচারি চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে চুক্তিভিত্তিক নিয়োগের অব্যবহিত পূর্বে সর্বশেষ আহরিত তার মূল বেতনের ভিত্তিতে এ সুবিধা প্রযোজ্য হবে। তবে শর্ত থাকে যে, এরূপ চুক্তিভিত্তিক নিয়োজিত ব্যক্তি পেনশনভোগী হলে পেনশনের বিদ্যমান অংশ অথবা চুক্তিভিত্তিক নিয়োজিত হওয়ার অব্যবহিত পূর্বের সর্বশেষ আহরিত মূল বেতনের ভিত্তিতে যে কোনো এক ক্ষেত্রে এ সুবিধা প্রাপ্য হবেন।
- (চ) সাময়িক বরখাস্তকৃত কর্মচারীগণ সাময়িক বরখাস্ত হওয়ার তারিখের অব্যবহিত পূর্বের মূল বেতনের ৫০% (অর্ধেক) এর উপর্যুক্ত (ক) অনুচ্ছেদে বর্ণিত গ্রেডভিডিক হারে 'বিশেষ সুবিধা' প্রাপ্য হবেন; এবং
- (ছ) বিনা বেতনে ছুটিতে (Leave without pay) থাকাকালীন কর্মচারীগণ এ 'বিশেষ সুবিধা' প্রাপ্য হবেন না।

৩। সরকারের রাজস্ব বাজেট হতে প্রদত্ত অনুদানে পরিচালিত প্রতিষ্ঠান ব্যক্তিত অন্যান্য স্ব-শাসিত সংস্থা ও রাষ্ট্রীয় প্রতিষ্ঠান এবং ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কর্মচারীদের ক্ষেত্রে, যারা জাতীয় বেতনক্ষেত্রে ২০১৫ এর আওতাভুক্ত, এ 'বিশেষ সুবিধা' প্রদান ব্যবস্থা প্রয়োজনীয় ব্যয় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের নিজস্ব বাজেট হতে মেটাতে হবে।

৪। অর্থ বিভাগের আদেশ নং ০৭.০০.০০০০.১৬১.৯৯.০১০.২৩-১৩২, তারিখ: ১৮/০৭/২০২৩ এতদ্বারা বাতিল করা হ'ল।

৫। জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হলো এবং ০১ জুলাই ২০২৫ তারিখ হতে এটি কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৫ জুন, ২০২৫
(দিলরুবা শাহীনা)
অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ

২০/০২/১৪৩২ ব.


তারিখ: -----

০৩/৬/২০২৫ খ্রি.

নং-০৭.০০.০০০০.১৭৩.৩৪.০৮৩.২৪-১৪৭

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যোত্তার ক্রমানুসারে নয়):

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০২। বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা (তৌর অধীনস্থ সকল অফিসে এর
অনুলিপি প্রেরণের অনুরোধসহ)।
০৩। সিনিয়র সচিব/সচিব----- মন্ত্রণালয়/বিভাগ (সকল) (তৌর অধীনস্থ সকল অফিসে
এর অনুলিপি প্রেরণের অনুরোধসহ)।
০৪। হিসাব মহা-নিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা (তৌর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের
অনুরোধসহ)।
০৫। কট্টোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (সিজিডিএফ) ১ম-১২ তলা সরকারি অফিস ভবন, সেগুন বাগিচা, ঢাকা (তৌর অধীনস্থ সকল
অফিসে এর অনুলিপি প্রেরণের অনুরোধসহ)।
০৬। অতিরিক্ত সচিব ----- (সকল), অর্থ বিভাগ।
০৭। মহাপরিচালক, মনিটরিং সেল, অর্থ বিভাগ।
০৮। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলপথ ভবন, ঢাকা (তৌর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের অনুরোধসহ)।
০৯। বিভাগীয় কমিশনার----- (সকল) (তৌর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের অনুরোধসহ)।
১০। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (প্রেরণ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
১১। প্রধান হিসাব বক্ষণ কর্মকর্তা ----- (সকল)।
১২। মাননীয় অর্থ এবং বিজ্ঞান ও প্রযুক্তি উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
১৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
১৪। সিনিয়র সিলেক্টেড এনালিস্ট, অর্থ বিভাগ (অর্থ বিভাগের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।
১৫। অফিস কপি।


তাৰিখ
(মোসা: শৰীফুল্লেসা)
উপসচিব
ফোন: ০২৯৫১৪৪৮৭


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
 প্রবিধি অনুবিভাগ
 প্রবিধি ৩ শাখা
 Website: www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭৩.৩৪.০৮৩.২৪-২০০

১৫/০৮/১৪৩২৬
 তাৰঁ -----
 ৩০/০৭/২০২৫খ্রি.

বিষয়ঃ টাইমক্লে/সিলেকশন গ্রেড/উচ্চতর গ্রেড প্রাপ্ত কর্মচারীদের বিশেষ সুবিধা প্রদানের ক্ষেত্রে বিবেচ্য গ্রেড নির্ধারণ।

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, অর্থ বিভাগের ০৩/০৬/২০২৫ তারিখের ১৪৭ ও ২৩/০৬/২০২৫ তারিখের ১৬৫ নং প্রজাপনমূলে জারীকৃত 'বিশেষ সুবিধা' প্রদানের ক্ষেত্রে 'গ্রেড' বলতে টাইমক্লে/সিলেকশন গ্রেড/উচ্চতর গ্রেড প্রাপ্তিজনিত ক্লে/গ্রেড-এর পরিবর্তে সংশ্লিষ্ট পদের জন্য প্রযোজ্য Substantive গ্রেড বুঝাবে।



(সৈয়দ আলী বিন হাসান)
 উপসচিব
 ফোনঃ ৫৫১০০১৮৩

অনুলিপি অবগতি ও প্রযোজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরিত হলঃ-

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।/মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
- ৩। সিনিয়র সচিব/সচিব ----- (সকল মন্ত্রণালয়/বিভাগ) (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
- ৪। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
- ৫। কট্টোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, কট্টোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
- ৬। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেল ভবন, ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
- ৭। উত্তীয় কর্মসূচি পরিচালক, এসপিএফএমএস কর্মসূচি, ইঞ্জিনিয়ার্স ইনসিটিউশন, বাংলাদেশ (আইইবি), শহীদ প্রকৌশলী ভবন (৫ম তলা) সদর দপ্তর, রমনা, ঢাকা (প্রযোজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৮। বিভাগীয় কমিশনার (সকল)-----।
- ৯। অর্থ বিভাগের সকল অনুবিভাগ-----।
- ১০। জেলা প্রশাসক (সকল)-----। (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
- ১১। মাননীয় অর্থ উপদেষ্টার একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৩। সিনিয়র সিপ্টেম এনালিস্ট, এফএসএমইউ, অর্থ বিভাগ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ১৪। অফিস কপি।